

১১নং শাহবাজপুর ইউনিয়ন পরিষদ

উপজেলা-জামালপুর সদর, জেলা-জামালপুর।

বিষয়: শাহবাজপুর ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটির জুন/২০২১ মাসের সভার কার্যবিবরণী।
সভাপতি: মোঃ আয়ুব আলী খান
সভার স্থান: ইউনিয়ন পরিষদ কার্যালয়
সময়: বেলা. ১২ ঘটিকা

পদবী-ইউপি চেয়ারম্যান

তারিখ: ১২-০৬-২০২১

(সভায় উপস্থিত সদস্যদের স্বাক্ষর সংযুক্ত)
সভাপতি উপস্থিত সদস্যদের স্বগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পর্যালোচনা পূর্বক কোনরূপ সংশোধন না থাকায় উহা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা/পর্যালোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১.	ইউনিয়ন পরিষদ	চেয়ারম্যান সাহেব তার ইউনিয়ন পরিষদের সামগ্রিক কর্মকাণ্ডের বিবরণ দেন। নারী ওরিশি শু নির্যাতন, বাল্য বিবাহ ও যৌতুক প্রতিরোধ, নারী নির্যাতন বন্ধের জন্য সামাজিক প্রতিরোধ তৈরীর জন্য স্কুল, কলেজ, মজল ও মাদ্রাসা শিক্ষক এবং মসজিদের ইমাম, মন্দিরের পুরহিত এবং অন্যান্য ধর্মীয় নেতাদের মাধ্যমে প্রচারণা চালানোর ব্যবস্থা গ্রহণের জন্য উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন।	সকল সেবা প্রদানকারী সংগঠন ও ইউনিয়নের জনগনকে আইন শৃংখলা বিষয়ে সজাগ থাকতে হবে।	বাস্তবায়ন ইউনিয়ন পরিষদ
০২.	শিক্ষা বিভাগ	শিক্ষা বিভাগ প্রতিনিধি বলেন যে, তার বিভাগে কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক। কাজেই সকল শিশুকে স্কুলে পাঠানোর জন্য সকলের সহযোগিতা কামনা করেন।	সকল শিশুকে স্কুলে পাঠানোর জন্য উদ্যোগ নিতে হবে।	শিক্ষা বিভাগ
০৩.	কৃষি বিভাগ	সভায় উপস্থিত উপ-সহকারী কৃষি কর্মকর্তা মোঃ মুজিব মিয়া জানান বর্তমানে শাহবাজপুর ইউনিয়নে এ বিভাগে কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। বীজতলা ও সবজি চাষ কার্যক্রম পরিদর্শন করা হচ্ছে এবং কৃষকদের পরামর্শ প্রদান করা হচ্ছে।	কৃষক পরিদর্শন কার্যক্রম বাড়াতে হবে ও সে মতে পরামর্শ প্রদান করতে হবে এবং ইউপির সংগে নিয়মিত যোগাযোগ করতে হবে।	ইউনিয়ন পরিষদ ও কৃষি বিভাগ
০৪.	আনসার ও ভিডিপি	আনসার ভিডিপি দলনেতা জানান তার কাজ সুষ্ঠুভাবে চলছে। ইউনিয়নের আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। উক্ত বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।	ইউপির সংগে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করতে হবে।	আনসার ভিডিপি দলনেতা ও ইউপি
০৫.	সমাজসেবা অফিস	ইউনিয়ন সমাজকর্মী জানান যে, তার বিভাগে কাজ ঠিকমত চলছে। ইউনিয়নের বরাদ্দ অনুপাতে ভাতাভোগীদের কার্যক্রম চলমান আছে। এ ব্যাপারে সহযোগিতা কামনা করেন।	ইউনিয়নের বয়স্ক, বিধবা, পুংগু ভাতা চলমান।	ইউপি ও সমাজ সেবা অফিস
০৬.	জনস্বাস্থ্য অফিস	উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, এলজিএসপি হতে নলকূপ ও ল্যান্ড্রিন প্রদান করা হয়ে থাকে। এ ব্যাপারে জনস্বাস্থ্য অফিসের সাথে সমন্বয় করা হলে দৈনন্দিন পরিষ্কার করা যায়।	জনস্বাস্থ্য অফিসের সাথে সমন্বয় করা হবে।	জনস্বাস্থ্য অফিস ও ইউপি
০৭.	কমিউনিটি ক্লিনিক	সভায় উপস্থিত উপ-সহকারী কমিউনিটি স্বাস্থ্য কর্মকর্তা বলেন যে, তার অফিসে কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। গর্ভবর্তী মহিলাদের ডেলিভারী করানোর জন্য কমিউনিটি ক্লিনিকে পাঠানোর জন্য সকলের সহযোগিতা কামনা করেন।	কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ইউপির সংগে সমন্বয় করা হবে।	উপ-সহকারী কমিউনিটি স্বাস্থ্য কর্মকর্তা ও ইউপি
০৮.	বিআরডিবি অফিস	বিআরডিবি প্রতিনিধি জানান যে, তার বিভাগের কার্যক্রম ঠিকমত চলছে। গ্রাম কমিটির মাধ্যমে ইউনিয়ন প্রকল্প বাস্তবায়ন করা হয়ে থাকি। ভবিষ্যৎ কার্যক্রম সঠিকভাবে চালানোর জন্য ইউপির সহযোগিতা কামনা করেন।	কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ইউপির সংগে সমন্বয় করা হবে।	বিআরডিবি অফিস ও ইউপি
০৯.	স্বাস্থ্য পরিদর্শক	সভায় উপস্থিত স্বাস্থ্য পরিদর্শক বলেন যে, মাঠ পর্যায়ে প্রতি ওয়ার্ডে ইপিআইস কার্যক্রম চলমান। বসার ব্যবস্থা ভালো ভাল নেই। চেয়ার ও টেবিলের ব্যবস্থা করলে কাজের মান ভালো হবে। জনগনকে সেবা গ্রহণ করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন।	এ ব্যাপারে ইউনিয়নের জনগনকে শিক্ষার মান উন্নয়নে এবং পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রম জোরদার করতে হবে।	ইউপি স্থায়ী কমিটি, কমিউনিটি ক্লিনিক কর্তৃপক্ষ।
১০.	নিকাহ রেজিস্টার	সভায় উপস্থিত নিকাহ রেজিস্টার জনাব কাজী মোঃ মুজিব হোসেন জানান যে, এ ইউনিয়নের তার কার্যক্রম ঠিকমত চলছে। বাল্য বিবাহ বন্ধ রয়েছে। সভাপতি সাহেব জন্ম নিবন্ধন সার্টিফিকেট এবং উপযুক্ত প্রমাণ সাপেক্ষে পিবাহ রেজিস্টারী করার জন্য বলেন।	কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ইউপি ও অন্যান্য দপ্তরের বিভাগীয় প্রতিনিধি গন সহযোগিতা করবে।	সংশ্লিষ্ট কাজী ও ইউপি
১১.	তথ্য ও সেবা কেন্দ্র	সভায় উপস্থিত তথ্য ও সেবা কেন্দ্রের উদ্যোক্তা মোঃ ছানোয়ার হোসেন বলেন যে, তথ্য ও সেবা কেন্দ্রের কার্যক্রম ভালভাবে চলছে। জন্ম নিবন্ধন ও মৃত্যু নিবন্ধন করার জন্য জনগনকে সচেন করতে হবে। তিনি সেবা প্রদান কার্যক্রম আরোও উন্নয়নের জন্য ইউপির সহযোগিতা কামনা করেন।	কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ইউপি সহযোগিতা করবে।	উদ্যোক্তা ও ইউপি
১২.	অন্যান্য বিভাগ	উপরে উল্লেখিত বিভাগ ছাড়া অন্যান্য বিভাগের প্রতিনিধিগন উপস্থিত না হওয়ায় সংশ্লিষ্ট বিভাগ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা সম্ভব হয় নাই।	আগামী সভায় উপস্থিত হওয়ার জন্য অবহিত করতে হবে।	ইউপি

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সদস্যদেরকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্য সমাপ্ত ঘোষণা করেন।

১২.৬.২১

মোঃ আয়ুব আলী খান
চেয়ারম্যান/সভাপতি
১১নং শাহবাজপুর ইউনিয়ন পরিষদ
জামালপুরসদর, জামালপুর।